

ত্রী আল-আন'আম | Al-An'am | الْأَنْعَام

আয়াতঃ ৬ : ৬১

া আরবি মূল আয়াত:

وَ هُوَ الْقَاهِرُ فَوقَ عِبَادِم وَ يُرسِلُ عَلَيكُم حَفَظَةً ؟ حَتَّى إِذَا جَآءَ اَحَدَكُمُ المَوتُ تَوَقَّتهُ رُسُلُنَا وَ هُم لَا يُفَرِّطُونَ ﴿٢٩﴾

আর তিনিই নিজ বান্দাদের উপর ক্ষমতাবান এবং তোমাদের উপর প্রেরণ করেন হিফাযতকারীদেরকে। অবশেষে যখন তোমাদের কারো কাছে মৃত্যু আসে, আমার প্রেরিত দূতগণ তার মৃত্যু ঘটায়। আর তারা কোন ত্রুটি করে না। — আল-বায়ান

তিনি তাঁর বান্দাব্দের উপর পূর্ণ কর্তৃত্বশীল, আর তিনি তোমাদের উপর রক্ষক নিযুক্ত করেন। অতঃপর তোমাদের কারো মৃত্যুর সময় উপস্থিত হলে আমার প্রেরিতগণ (ফেরেশতারা) তার মৃত্যু ঘটায়। নিজেদের কর্তব্য পালনে তারা বিন্দুমাত্র ক্রটি করে না। — তাইসিকল

আর আল্লাহই স্বীয় বান্দাদের উপর প্রতাপশালী, তিনি তোমাদের উপর রক্ষণাবেক্ষণকারী নিযুক্ত করে পাঠিয়ে থাকেন, এমনকি যখন তোমাদের কারও মৃত্যু সময় সমুপস্থিত হয় তখন আমার প্রেরিত দূতগণ তার প্রাণ হরণ করে নেয়, এ ব্যাপারে তারা বিন্দুমাত্র ক্রটি করেনা। — মুজিবুর রহমান

And He is the subjugator over His servants, and He sends over you guardianangels until, when death comes to one of you, Our messengers take him, and they do not fail [in their duties]. — Sahih International

৬১. আর তিনি তাঁর বান্দাদের উপর পূর্ণ নিয়ন্ত্রণাধিকারী এবং তিনি তোমাদের উপর প্রেরণ করেন হেফাযতকারীদেরকে। অবশেষে তোমাদের কারও যখন মৃত্যু উপস্থিত হয় তখন আমাদের রাসূল (ফিরিশতা) গণ তার মৃত্যু ঘটায় এবং তারা কোন ক্রটি করে না।

তাফসীরে জাকারিয়া

(৬১) তিনিই স্বীয় দাসগণের উপর পরাক্রমশালী এবং তিনিই তোমাদের রক্ষক প্রেরণ করেন। অবশেষে যখন তোমাদের কারো মৃত্যুকাল উপস্থিত হয়, তখন আমার প্রেরিত দূতগণ তার মৃত্যু ঘটায় এবং (কর্তব্যে) তারা ক্রটি করে না। [1]



[1] অর্থাৎ, তাঁদেরকে সোপর্দ করা এই কাজে এবং আত্মাকে হেফাযত করার ব্যাপারে কোন ত্রুটি করেন না। বরং এই ফিরিশতা মৃত্যুবরণকারী যদি নেক হয়, তাহলে তার আত্মাকে 'ইল্লিয়্যীন'-এ এবং সে যদি পাপী হয়, তাহলে তার আত্মাকে 'সিজ্জীন'-এ পাঠিয়ে দেন।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=850

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন